# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

---

৬০: স্বীকৃত কোনো সৎ ও জ্ঞানী মানুষ মারা গেলে তাঁর ক্ববর যিয়ারতকারীদের সংখ্যা বেশী হয়। কিন্তু সেটি যেন শির্কের মাধ্যমে পরিণত না হয়, সেজন্য কিছু কিছু ছাত্র এত বেশী পরিমাণ যিয়ারত করতে নিষেধ করে থাকে। এক্ষণে এবিষয়ে আপনার মতামত জানিয়ে বাধিত করবেন।

ছাত্রদের এই মতটি আমিও ঠিক মনে করি। কেননা নেককার ও জ্ঞানীদের ক্ববর বেশী বেশী যিয়ারত করলে পরবর্তীতে এই যিয়ারত শির্কের পর্যায়ে নিয়ে যেতে পারে। সেজন্য ক্ববর যিয়ারত ছাড়াই তাঁদের জন্য দো‘আ করা উচিৎ। কেননা আল্লাহ বান্দার দো‘আ ক্ববূল করলে তা মৃত ব্যক্তির জন্য ফায়দা দিবে। বান্দা মৃত ব্যক্তির ক্ববরের কাছে এসে দো‘আ করুক অথবা বাড়ীতে বা মসজিদে দো‘আ করুক, সেটি কোনো ব্যাপার নয়। ফলে ক্ববরের কাছে বেশী বেশী যাওয়ার প্রয়োজন নেই। অতএব, ছাত্রদের এই নিষেধাজ্ঞা যুক্তিযুক্ত, বিশেষ করে বর্তমান যামানায়।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=1717

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন